শেখ হাসিনার উদ্যোগ

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
ISO 9001: 2015 Certified

# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods
## (Request for Quotation Method)

আর এফ কিউ নং- ০১৬/২০২৩-২৪

## মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মস্তফাপুর, মাদারীপুর।

**"পিজি ক্লাম্প ও লাগ ক্রয়" এর আদর্শ দরপত্র দলিল (আরএফকিউ)**

প্রশাসন বিভাগ
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
Web: https://pbs.madaripur.gov.bd, E-mail: gm.madaripurpbs@yahoo.com
মোবাইল নং- ০১৭৬৯-৪০০৫৫৯

27.2.24

(মোঃ ওয়াহিদুজ্জামান)
ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

শেখ হাসিনার উদ্যোগ
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
ISO 9001: 2015 Certified

স্মারক নং-২৭.১২.৫৪৫৪.৫২৭.০১.০৩৮.২৪. ৭০৮

তারিখঃ- ১৪ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ

## “ পিজি ক্লাম্প ও লাগ ক্রয়” এর জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র (RFQ)

প্রতি,

[কোটেশনদাতার নাম ও ঠিকানা লিখুন]

.........................................................

১. **জেনারেল ম্যানেজার**, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে নিজস্ব তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. ‘কোটেশন দলিল’ ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খামের মাধ্যমে **০৫/০৩/২০২৪ খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকা**-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা দাখিল করতে হবে। কোটেশনের খামে **“পিজি ক্লাম্প ও লাগ ক্রয়”** এর জন্য কোটেশন এবং **০৫/০৩/২০২৪ খ্রিঃ বেলা ১১.০৫ ঘটিকা**-এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত কোটেশন সমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম **৬০ (ষাট)** দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

৯. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১০. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আবগারী শুল্ক, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. যে কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ, হালনাগাদ আয়কর সনদ, টিন সার্টিফিকেট, হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে। এগুলো ব্যতিত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩টি (তিন) গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **২০ (বিশ)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (দিন) দিনের মধ্যে জারী করতে হবে।

১৭. নির্ধারিত সময়ের মধ্যে পিজি ক্লাম্প ও লাগ সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশি হবে না।

১৮. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০. নির্ধারিত সময়ের মধ্যে **পিজি ক্লাম্প ও লাগ সরবরাহে** ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের ) বেশি হবে না।

২৭।২।২৪

(মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
মোবাইল নম্বর: ০১৭৬৯৪০০০৪৫
ই-মেইল: gm.madaripurpbs@yahoo.com

**বিতরণ: (সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হল), জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। পুলিশ সুপার, মাদারীপুর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..........................পবিস ১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, শরীয়তপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, মাদারীপুর।
০৮। ডিজিএম, (সদর-কারিগরি)/কালকিনি/শিবচর/টেকেরহাট জোনাল অফিস, মাদারীপুর পবিস।
০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/আইটি), মাদারীপুর পবিস।
১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইটঃ Web: https://pbs.madaripur.gov.bd
১১। অফিস/মাস্টার কপি।

শেখ হাসিনার উদ্যোগ
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
ISO 9001: 2015 Certified
মুজিব শতবর্ষ

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

আর এফ কিউ নং- ০০৮/২০২৩-২৪

স্মারক নং- ২৭.১২.৫৪৫৪.৫২৭.০১.০৩৮.২৪. ৭০৮ তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ

প্রতি
জেনারেল ম্যানেজার
মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"পিজি ক্লাম্প ও লাগ ক্রয়"** এর জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]
.....................................................

..................................................................................................................................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **২৭/০২/২০২৪** খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## ক. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

**আর এফ কিউ নং- ০১৬/২০২৩-২৪**

তারিখ : ২৭/০২/২০২৪ খ্রিঃ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/ কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | L-PG | PG Clamp (With SS Nut Bolt) 33kv #477MCM | টি | ৪০০ | | | | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, মস্তফাপুর, মাদারীপুর। |
| ০২ | L-BM400 | Cable Lugs , Cable Size square 400mm | টি | ৭৫ | | | | |
| ০৩ | L-BM500 | Cable Lugs , Cable Size square 500mm | টি | ৭৫ | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি ,সদর দপ্তর, মস্তফাপুর, মাদারীপুর। |
| মোট মূল্য: (টাকায়) (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ : | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) : | প্রযোজ্য নয় |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফসিলের [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বৎসর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]

| | |
|---|---|
| **সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর** | |
| দরপত্রদাতার নাম : | তারিখ : দিন/মাস/বৎসর |

**টীকা :**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করিবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করিবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, বিমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ নিম্নরূপ কারিগরি বিনির্দেশ অনুসারে হইতে হইবে :

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল (Make and Model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 01 | L-PG | PG Clamp (With SS Nut Bolt) 33kv #477MCM, | Constitute Aluminiun PG Clamp, 3Hole With 3ss Nut & 3ss Bolt With 6(six) Washer Rated Voltage 33 kv,<br>Length of PG Clamp Minimum 101 mm ,<br>Wide out side 80 mm, wide Inside 70 mm,<br>Thickness of PG Clamp Lower Side in Hole 15 mm,<br>Thickness of PG Clamp Upper side in hole 17 mm (as per Product Sample) | | |
| 02 | L-BM400 | Cable Lugs, Cable Size square 400mm | Constitute, Bi- Metallic (Alluminium & cupper)<br>Screw Hole Dia 17mm<br>Total Length 145mm, Cable Inside Length 75mm<br>Cable inside Dia 27.5mm & Outside Dia 35.5mm<br>Lugs Head wide 51mm<br>(as per Product Sample) | | |
| 03 | L-BM500 | Cable Lugs, Cable Size square500mm | Constitute Bi- Metallic (Alluminium & cupper)<br>Screw Hole Dia 17mm<br>Total Length 145mm, Cable inSide Length 75mm<br>Cable inside Dia 31mm & outside Dia 40mm<br>Lugs Head wide 56mm<br>(as per Product Sample) | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:....../...../......(দিন/মাস/বছর) |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ

করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

# "পিজি ক্লাম্প ও লাগ ক্রয়"

## আর এফ কিউ নং- ০১৬/২০২৩-২৪

| | |
|---|---|
| স্মারক নং- ২৭.১২.৫৪৫৪.৫২৭.০১.০৩৮.২৩. ৪৪৪৩ | তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা<br>[চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **[তারিখ উল্লেখ করুন]** তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি<br>মস্তফাপুর, মাদারীপুর। |
| তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মস্তফাপুর, মাদারীপুর

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ

০১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

০২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

০৩. ক্রয় আদেশ জারি হওয়ার ২০ (বিশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

০৪. ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

০৫. খামের উপরে স্পষ্টাক্ষরে "**পিজি ক্লাম্প ও লাগ ক্রয়**" কথাটি লিখে জমা দিতে হবে।

০৬. দরপত্রের সাথে **হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি, আয়কর,** ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ অন্যান্য ডকুমেন্ট জমা প্রদান করতে হবে।

০৭. প্রাপ্ত দরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত পরিমান মালামাল নিজ ব্যয়ে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মস্তফাপুর, মাদারীপুর এ পৌঁছাতে হবে।

০৮. সফল দরাদাতা প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রদানের ২০ (বিশ) দিনের মধ্যে "**পিজি ক্লাম্প ও লাগ**" সমিতির সদর দপ্তর, মস্তফাপুর, মাদারীপুর-এ নিজ খরচে পৌঁছাতে হবে।

০৯. দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরুপ ঘষামাজা বা কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।

১০. নির্ধারিত সময়ের মধ্যে **পিজি ক্লাম্প ও লাগ সরবরাহে** ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের ) বেশি হবে না।

১১. মালামাল সরবরাহ করার পরে চালান দাখিল সাপেক্ষে সমিতির প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করা হবে । সন্তোষজনক ফলাফল সাপেক্ষে মালামাল গ্রহণ করা হবে ।

১২. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৩. চুক্তির অধীন প্রি-ডেলিভারী পরিদর্শন ও পরীক্ষা, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

১৪. পবিস কর্তৃক সরবরাহকৃত নমুনা মোতাবেক সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

১৫. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

১৬. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১৭. মোট চুক্তি মূল্য টাকা [অংকে]........................[কথায়]..........................................................................................

১৮. কার্যাদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে মালামাল সরবরাহের নিশ্চয়তা হিসাবে ৩০০.০০ নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পন্ন করতে হবে।

১৯. দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩ দিন পূর্বে প্রদত্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

২০. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

২১. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

২২. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

২৩. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

২৪. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২৫. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২৬. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২৭. শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

| | সরবরাহকারীর জন্য |
|---|---|
| মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি<br>মস্তফাপুর, মাদারীপুর। | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ | তারিখঃ |

-:সমাপ্ত:-